

# আরিফাবাদ আবাসিক মালিক কল্যাণ সমিতি

রেজি: নং: ট-০৮৮২৮, ফোন: ৮০০১২২২

ঠিকানা: আই/৩/৪, আরিফাবাদ হাউজিং সোসাইটি, রূপনগর। ঢাকা - ১২১৬।

## কার্যনির্বাহী পরিষদের ৭৬তম সভার কার্যবিবরণী

২০ সেপ্টেম্বর ২০২৫ ইং, শনিবার, বাদ মাগরিব 'আরিফাবাদ আবাসিক মালিক কল্যাণ সমিতি'র কার্যনির্বাহী পরিষদের ৭৬তম সভা সমিতির কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় কার্যনির্বাহী পরিষদের ১৫ (পনের) জন সম্মানিত সদস্য উপস্থিত ছিলেন। এছাড়াও সমিতির সম্মানিত উপদেষ্টা জনাব মোঃ শাহিন রহমান এবং প্রকৌশলী জনাব খন্দকার ইমদাদুল হক উপস্থিত ছিলেন। সভায় সভাপতিত্ব করেন সমিতির সভাপতি জনাব এম. এ. খালেক এবং সভা পরিচালনা করেন সমিতির সাধারণ সম্পাদক প্রকৌশলী জনাব মোঃ হুমায়ুন কবির।

সভার শুরুতে সমিতির সাধারণ সম্পাদক প্রকৌশলী জনাব মোঃ হুমায়ুন কবির পূর্ববর্তী ৭৫তম কার্যনির্বাহী পরিষদের সভার কার্যবিবরণী পাঠ করেন, যা সভায় উপস্থিত সদস্যদের সর্বসম্মতিতে গৃহীত হয়। অতঃপর সমসাময়িক বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১) গত ১৪ সেপ্টেম্বর ২০২৫ ইং আরিফাবাদ আবাসিক এলাকা, ছায়ানীড় আবাসিক এলাকা ও নূরানী হাউজিং-এর উদ্যোগে আরিফাবাদ আবাসিক এলাকায় এক মতবিনিময় সভার আয়োজন করা হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা-১৬ আসনের বিএনপি মনোনীত সংসদ সদস্য প্রার্থী ও ঢাকা মহানগর উত্তরের আহ্বায়ক জনাব মোঃ আমিনুল হক।

মতবিনিময় সভায় স্বাগত বক্তব্যে আরিফাবাদ আবাসিক মালিক কল্যাণ সমিতির সভাপতি জনাব এম. এ. খালেক অত্র এলাকার ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা নিয়ে খোলামেলা আলোচনা করার উদ্দেশ্যে সভায় অংশগ্রহণ করার জন্য প্রধান অতিথি জনাব মোঃ আমিনুল হককে আন্তরিক ধন্যবাদ জানান। তিনি এলাকার সার্বিক উন্নয়নে ভবিষ্যৎ রাজনৈতিক নেতৃত্বের প্রতি পূর্ণ সমর্থন প্রকাশ করেন এবং এলাকার কল্যাণে স্থানীয় জনগণ ও ভবিষ্যৎ রাজনৈতিক নেতৃত্বের সঙ্গে পারস্পরিক সহযোগিতা ও সমন্বিত প্রচেষ্টার মাধ্যমে কাজ করে যাওয়ার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

সমিতির সাধারণ সম্পাদক প্রকৌশলী জনাব মোঃ হুমায়ুন কবির তাঁর বক্তব্যে আরিফাবাদ আবাসিক এলাকার সার্বিক উন্নয়নের লক্ষ্যে একগুচ্ছ বাস্তবধর্মী প্রস্তাব উপস্থাপন করেন। তিনি রাস্তা-ঘাট সংস্কার, ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন, বর্জ্য ব্যবস্থাপনা জোরদারকরণ, মাদক ব্যবসা ও চাঁদাবাজির দৌরাত্ম্য রোধ, এলাকার সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণ এবং নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখার উপর বিশেষ গুরুত্বারোপ করেন। তিনি ভবিষ্যৎ তরুণ নেতৃত্বের আন্তরিক সহযোগিতা কামনা করেন।

মতবিনিময় সভায় উপস্থিত সমিতির উপদেষ্টা জনাব এ. বি. এম. ওসমান গনি তাঁর বক্তব্যে পরিচ্ছন্ন ও আদর্শ রাজনৈতিক ব্যক্তিত্ব, তারুণ্যের প্রেরণার প্রতীক ও সাবেক জাতীয় ফুটবল খেলোয়াড় জনাব মোঃ আমিনুল হক-এর ভূয়সী প্রশংসা করেন এবং খোলামেলা আলোচনার মাধ্যমে জনগণের প্রত্যাশা ও দাবির কথা তুলে ধরেন।

সমিতির উপদেষ্টা জনাব শাহিন রহমান তাঁর বক্তব্যে এলাকার সার্বিক উন্নয়নে স্থানীয় জনপ্রতিনিধি ও আবাসিক এলাকার নেতৃবৃন্দের মধ্যে সমন্বিত কর্মপরিকল্পনা প্রণয়নের আহ্বান জানান। তিনি উভয় পক্ষের মধ্যে কার্যকর সেতুবন্ধন স্থাপন এবং এলাকার বিভিন্ন সমস্যা সমাধানে দিকনির্দেশনামূলক ও প্রাণবন্ত বক্তব্য প্রদান করেন। সমিতির সকল সদস্যবৃন্দ তার এই গুরুত্বপূর্ণ ও অনুপ্রেরণামূলক বক্তব্যের জন্য তাকে আন্তরিক ধন্যবাদ জানান।

# আরিফাবাদ আবাসিক মালিক কল্যাণ সমিতি

রেজি: নং: ট-০৮৮২৮, ফোন: ৮০০১২২২

ঠিকানা: আই/৩/৪, আরিফাবাদ হাউজিং সোসাইটি, রূপনগর। ঢাকা - ১২১৬।

মতবিনিময় সভাটিকে সফল ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সার্বিক ব্যবস্থাপনায় অবদান রাখার জন্য সমিতির অর্থ সম্পাদক জনাব এ. এস. এম. আক্তার হোসেন-কে বিশেষভাবে ধন্যবাদ জানানো হয়। এছাড়া সুন্দর উপস্থাপনার মাধ্যমে সভা পরিচালনার জন্য সমিতির যুগ্ম সাধারণ সম্পাদক জনাব মোহাম্মদ ইসমাইল বাবলু-কেও ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

- সভায় আরও আলোচিত হয় যে, আরিফাবাদ আবাসিক এলাকার ২ নম্বর গেটের প্রবেশমুখে ডি-৮/৯ নম্বর বাড়ির সামনে দীর্ঘ সময় ধরে মাইক্রোবাস ধোয়ার কারণে প্রবেশপথে বাধা সৃষ্টি হয়, ফলে এলাকার সাধারণ মানুষের চলাচলে বিঘ্ন ঘটে। এ বিষয়ে উক্ত বাড়ির ফ্ল্যাট মালিকদের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভা থেকে বিশেষভাবে অনুরোধ জানানো হয়।
- বর্তমানে মিরপুরসহ ঢাকা শহরে ডেস্কুর প্রাদুর্ভাব বৃদ্ধি পাওয়ায়, এডিস মশার বিস্তার রোধে এলাকাবাসীকে সচেতন হওয়ার জন্য সভা থেকে আহ্বান জানানো হয়। এ বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রত্যেকটি বাড়ি ও ফ্ল্যাটে লিখিত নোটিশ বা চিঠি প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আজকের সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায়, সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ধন্যবাদান্তে

এম. এ. খালেক  
সভাপতি

প্রকৌশলী মো: হুমায়ুন কবির  
সাধারণ সম্পাদক